দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 JAN 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

02

23 JAN 1989

# পথকলিদের উন্নত জীবন নিশ্চিত করুনঃ রওশন

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ পথকলিদের (শ্রমজীবী শিশু) জন্য উন্নত জীবন নিশ্চিত করতে শিক্ষিত, সচেতন ও সচ্ছল লোকদের প্রতি আহ্বান জানিয়েছেন। খবর বাসস'র।

তিনি বলেন, আজ এখানে

(৩-এর পৃঃ দ্রঃ)

## রওশন

(প্রথম পৃঃ পর)

বিপুলসংখ্যায় পথকলিদের উপস্থিতি তাদের জন্য শিক্ষা, চিকিৎসা খাদ্য ও আশ্রয়ের ব্যবস্থা করতে সকলকে উৎসাহিত করবে, যাতে তারা এক সমৃদ্ধ বাংলাদেশ গঠনে আমাদের প্রচেষ্টায় অংশ নিতে পারে।

ফার্স্ট লেডী রোববার ঢাকায় কচিকন্ঠের আসর-এর ত্রয়োদশ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পথকলিদের এক বিশাল সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানের আয়োজকরা বলেন, পথকলিদের এ ধরনের সমাবেশ এটাই প্রথম।

বেগম এরশাদ বলেন, অবহেলিত ও দুর্গত শিশুদের সম-সামাজিক মর্যাদা দিতে হবে।

তিনি বলেন, প্রয়োজনীয় সুযোগ সুবিধা সৃষ্টি করে তোমাদের এক সমৃদ্ধ ভবিষ্যৎ দিতে আমরা সংকল্পবদ্ধ।

কচিকন্ঠের আসর ঢাকা নগরী শাখার সভাপতি হাজী মোহাম্মদ শাহাবুদ্দিনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে পথকলি মোহাম্মদ হাশেম আলী, আসরের কেন্দ্রীয় মহাসচিব এম হেমায়েত হোসেন ও সভাপতি ডঃ মিজানুর রহমান শেলী বক্তৃতা করেন।

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বলেন, শিশুরা ফুলের মত। তাদের স্নেহ ও যত্নের সঙ্গে লালন-পালন করতে হবে।

**পথকলি হাশেম আলী**

পথকলি হাশেম আলী তার বক্তৃতায় বলে যে আজ আমাদের মধ্যে আমাদের মা রওশন এরশাদকে পেয়ে আমরা খুব খুশী হয়েছি। প্রেসিডেন্ট এরশাদ আমাদের নাম টোকাইয়ের বদলে পথকলি রাখায় আমরা আনন্দিত। প্রেসিডেন্ট এরশাদ আমাদের জন্য স্কুলও স্থাপন করেছেন।

বেগম এরশাদকে আসরের একটি প্রতীক প্রদান করা হয়।

পরে তিনি আসর-সদস্য ও পথকলিদের মধ্যে পুরস্কার এবং পথকলিদের মধ্যে খাদ্য বিতরণ করেন।

পথকলিরা বেগম এরশাদকে হাততালি দিয়ে ও ফুলের পাঁপড়ি ছিটিয়ে স্বাগত জানায়। তারা বেগম এরশাদকে নিজেদের মধ্যে পেয়ে অত্যন্ত আনন্দ-উৎফুল্ল হয়ে ওঠে।